**THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING**

**UCHCHA MADHYAMIK PARIKSHA, 2025**

# পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্তবিদ্যালয় সংসদ

## উচ্চমাধ্যমিক পরীক্ষা, ২০২৫

সংস্কৃত

**Sanskrit**

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** | **পূর্ণমান ঃ ৮০**

**Time : 3 Hours 15 Minutes** | **Full Marks : 80**

## পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ
## (General Instructions for the Examinees)

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।

Candidates should write their Name, Roll No. and Registration No. in their respective answer scripts.

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

First 15 Minutes are allotted for reading the question paper.
Answers should be in brief and to the point.

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

Write correct question no. against each answer.

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

Special credit will be given for answers which are brief and to the point.
Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.
In the right side the marks of questions are given.

**বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি বা MCQ**

**1.** নিম্নলিখিত প্রশ্নগুলির *যেকোনো **বারোটি*** প্রশ্নের উত্তর দাও ঃ 1×12=12

(i) **'ব্রাহ্মণচৌরপিশাচকথা'** গল্পটির উৎসগ্রন্থ কোন্‌টি?

(a) পঞ্চতন্ত্র (b) হিতোপদেশ

(c) আলিবাবা ও চল্লিশ চোর (d) শুকসপ্ততি

(ii) **'গোযুগম্‌'**—কথাটির অর্থ কী?

(a) দুটি ব্রাহ্মণ (b) দুটি গরু

(c) ব্রহ্মরাক্ষস (d) দুই যুগ

(iii) সমুদ্রকে আহ্বানের জন্য কী নিবেদন করা হয়েছিল?

(a) গন্ধদ্রব্যপুষ্পাদি (b) মিষ্টান্ন

(c) পুষ্পাঞ্জলি (d) অর্থ

(iv) **'হাসবিদ্যুকথা'**—কাহিনীর রচয়িতা কে?

(a) কালিদাস (b) ভাস

(c) বিদ্যাপতি (d) নারায়ণ শর্মা

(v) স্বর্ণবপনে কার অধিকার নেই?

(a) মূর্খের (b) বিদ্বানের

(c) হত্যাকারীর (d) চোরের

(vi) অলিপর্বা বস্তাগুলি কী দিয়ে ঢাকা দিয়েছিল?

(a) কাঠ (b) পাতা

(c) বস্তা (d) কাপড়

(vii) **'পয়োধরা:'**—শব্দের সংস্কৃত প্রতিশব্দ কী?

(a) মেঘাঃ (b) গগনাঃ

(c) গাবঃ (d) বনপ্রদেশাঃ

(viii) কালিদাসের মেঘদূত কোন্‌ ধরণের কাব্য?

(a) দৃশ্যকাব্য (b) গীতিকাব্য

(c) শ্রব্যকাব্য (d) এগুলির কোনোটিই নয়

(ix) যক্ষকে অভিশাপ দিয়েছিলেন কে?

(a) দুর্বাসা (b) শিব

(c) কুবের (d) ব্রহ্মা

(x) পরশুরামের অন্য নাম হল—

(a) ভূমিপতি (b) ভৃগুপতি

(c) গজপতি (d) পশুপতি

(xi) মনস্বী ব্যক্তির বৃত্তি ক-টি?

(a) তিনটি (b) চারটি

(c) দু-টি (d) একটি

(xii) 'বিদুরনীতি:'—কোন্ শাস্ত্রের অমূল্য সম্পদ?

(a) নীতিশাস্ত্র (b) ধর্মশাস্ত্র

(c) অর্থশাস্ত্র (d) শল্যশাস্ত্র

(xiii) 'সাংখ্যযোগ:'—শ্রীমদ্‌ভগবদ্‌গীতার—

(a) প্রথম অধ্যায় (b) দ্বিতীয় অধ্যায়

(c) তৃতীয় অধ্যায় (d) এগুলির কোনোটিই নয়

(xiv) 'বাসন্তিকস্বপ্নম্' নাটকের কয়টি অঙ্ক?

(a) 5টি (b) 4টি

(c) 3টি (d) 6টি

(xv) 'মন্মানসম্'—পদটির সন্ধিবিচ্ছেদ করলে হবে—

(a) মন্ + মানসম্ (b) মদ্ + মানসম্

(c) মত্ + মানসম্ (d) মম + মানসম্

(xvi) 'প্রকৃতিবক্র: স:'—এখানে 'স:' বলতে কাকে বোঝানো হয়েছে?

(a) দুষ্যন্ত (b) কণ্ব

(c) বিদূষক (d) দুর্বাসা

(xvii) 'দানবীর: কর্ণ:'—নাটকটির উৎস হল—

(a) কর্ণভারম্ (b) অভিষেক

(c) প্রতিমা (d) পঞ্চরাত্রম্

(xviii) রামকৃষ্ণদেবের সঙ্গে নরেন্দ্রের সাক্ষাৎ হয়েছিল—

(a) দুপুরে (b) সকালে

(c) বিকেলে (d) সন্ধ্যায়

## অতিসংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলি বা SAQ

**2.** নিম্নলিখিত প্রশ্নগুলির *যেকোনো* ***ছয়টি*** প্রশ্নের উত্তর দাও ঃ 2×6=12

(i) দ্রোণ নামক ব্রাহ্মণের আর্থিক অবস্থা কেমন ছিল?

(ii) রাজা বিক্রমাদিত্যের মতে অর্জিত সম্পদ সফল হয় কীভাবে?

(iii) চতুর্থ চোরের মহতী বিদ্যাটি কী ছিল?

(iv) কশ্যপ কীভাবে ধনবান হয়েছিল?

(v) ''का त्वं किमर्थं रोदिषीति।''—কে, কাকে এই উক্তিটি করেছিলেন?

(vi) ভ্রমরেরা কোন্ কোন্ ফুলের পরাগে পীতবর্ণ ধারণ করেছে?

(vii) কোন্ কোন্ উপাদানের সমন্বয়ে মেঘের সৃষ্টি, মেঘদূত অনুসরণে লেখো।

(viii) বিষ্ণুর প্রথম ও শেষ অবতারের নাম কী কী?

(ix) প্রকৃত বন্ধুর লক্ষণ প্রসঙ্গে সূক্তিসুধায় কী বলা হয়েছে?

(x) বিষয়চিন্তা করতে করতে মানুষের কীরূপ মনোবৃত্তি ঘটে?

### গদ্য

**3.** *যেকোনো* ***দুটি*** প্রশ্নের উত্তর দাও ঃ 5×2=10

(a) চোর ও ব্রহ্মরাক্ষসের মধ্যে বিবাদের কারণ ব্যাখ্যা করো। এর পরিণতি কী হয়েছিল? 2+3

(b) ''प्रत्यायाति यमद्वारात् प्रतीकारपरो नरः।''— কার এইরূপ মনে হয়েছিল? গল্পানুসরণে তার ধূর্ততার পরিচয় দাও। 1+4

(c) ''यतोऽस्मिन् देशे राजपुरुषाः न सञ्चरन्ति'' — উক্তিটি কার? রাজপুরুষেরা কোথায় চলাফেরা করেন না? সেখানে সে কাদের দেখেছিল? তারা কী কারণে সেখানে এসেছিল? 1+1+1+2

(d) বুদ্ধিমতী কীভাবে বাঘের হাত থেকে নিজের ও দুই পুত্রের প্রাণরক্ষা করেছিল? 5

### পদ্য

**4.** যেকোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাও ঃ 5×1=5

(a) পাঠ্যান্তর্গত পদ্যাংশ অনুসরণে শরৎকালের শোভার সংক্ষিপ্ত বিবরণ দাও। পাঠ্যাংশে কোন্ ছন্দের প্রয়োগ রয়েছে? 4+1

(b) কার লেখা, কোন্ গ্রন্থ থেকে **'दशावतारस्तोत्रम्'** সংগৃহীত? যেকোনো দুই অবতাররূপের কীর্তি বর্ণনা করো। 2+3

### নাটক

**5.** যেকোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাও ঃ 5×1=5

(a) **'वासन्तिकस्वप्नम्'** নাট্যাংশে রাজা ও কৌমুদীর কথোপকথন নিজের ভাষায় লেখো। কৌমুদীর পিতা কে ছিলেন? 4+1

(b) **'एष नरेन्द्र एव मम श्रेष्ठः उत्तरसाधकः'**—কার লেখা, কোন্ নাট্যাংশ থেকে সংগৃহীত? বক্তা কে? কার উদ্দেশ্যে এই কথাটি বলেছেন? বক্তার এরূপ মনে হওয়ার কারণ কী? 1+1+1+2

### সংস্কৃত সাহিত্যের ইতিহাস

**6.** যেকোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাও ঃ 5×2=10

(a) ভারতীয় সমাজ ও সাহিত্যে রামায়ণের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। 2+3

(b) কে, কী উদ্দেশ্যে 'পঞ্চতন্ত্র' নামক গল্পসাহিত্য রচনা করেন? গ্রন্থটির অধ্যায়গুলি কী কী? অধ্যায়গুলির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। 1+1+1+2

(c) মহাকবি কালিদাস রচিত মেঘদূতের কয়টি খণ্ড ও কী কী? কাব্যটি কোন্ ছন্দে রচিত? প্রতিটি খণ্ডের সংক্ষিপ্ত বিবরণ লেখো। 1+1+3

(d) প্রাচীন ভারতীয় গণিত চর্চায় সংস্কৃত মনীষার অবদান সংক্ষেপে আলোচনা করো। 5

### ব্যাকরণ

**7.** যেকোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাও ঃ 4×3=12

(a) এককথায় প্রকাশ করো (যেকোনো *চারটি*)ঃ 1×4=4

(i) অস্মিন্ অহনি

(ii) অদিতেঃ অপত্যং পুমান্

(iii) ইতিহাসং বেত্তি

(iv) জ্ঞাতুম্ ইচ্ছতি

(v) কুম্ভং করোতি

(vi) নদী মাতা যস্য সঃ

(b) অর্থ-সহ অব্যয় সহযোগে বাক্য রচনা করো (যেকোনো *দুটি*)ঃ 2×2=4

(i) বিনা (ii) সর্বত্র

(iii) অতীব (iv) নিকষা

(c) সন্ধিবদ্ধ পদগুলি লেখো (যেকোনো *চারটি*)ঃ 1×4=4

(i) মহা + ঔষধম্ (ii) ষষ্ + থঃ

(iii) সম্ + কারঃ (iv) নিঃ + উপায়ঃ

(v) আবিঃ + কারঃ (vi) শে + অনম্

(d) রেখাঙ্কিত পদগুলির কারণ-সহ বিভক্তি নির্ণয় করো (যেকোনো *চারটি*)ঃ 1×4=4

(i) দশরথঃ ইতি নৃপতিরাসীত্। (ii) ক্রোশম্ অরণ্যং বিদ্যতে।

(iii) বালিকা কন্দুকেন ক্রীড়তি। (iv) শোকেন ক্রন্দতি মাতা।

(v) রাজা পীড়িতায় ধনং দদাতি। (vi) ছাত্রঃ শিক্ষকাৎ ব্যাকরণম্ অধীতে।

**8.** সংস্কৃত থেকে বাংলায় অনুবাদ করোঃ 1×5=5

অস্তি গৌতমস্য মহর্ষেঃ তপোবনে মহাতপা নাম মুনিঃ। তত্র তেন মুনিনা মূষিকশাবকঃ কাকমুখাৎ ভ্রষ্টঃ দৃষ্টঃ। ততঃ স স্বভাবদয়াত্মনা মুনিনা তেন নীবারকণৈঃ সংবর্ধিতঃ। ততঃ বিড়ালস্তং মূষিকং খাদিতুম্ উপধাবতি। তমবলোক্য মূষিকঃ তস্য মুনেঃ ক্রোড়ে প্রবিবেশ।

*অথবা*

বাংলা থেকে সংস্কৃতে অনুবাদ করো ঃ 2+2+1=5

একদিন ভোরবেলা মহর্ষি বাল্মীকি স্নানের জন্য তমসা নদীতে গিয়েছিলেন। সেখানে গিয়ে তিনি গাছের ডালে সুখে বসে থাকা ক্রৌঞ্চযুগলকে দেখলেন। তখন একটি ব্যাধ সেখানে উপস্থিত হল।

**9.** সংস্কৃত ভাষায় অনুচ্ছেদ রচনা করো (যেকোনো *একটি* )ঃ 5

(a) তব প্রিয়ঃ কবিঃ

(b) পরিবেশদূষণম্ তৎপ্রতিকারশ্চ

(c) বিদ্যারত্নং মহাধনম্

**10.** নীচের অনুচ্ছেদটি পড়ে সংস্কৃত ভাষায় প্রশ্নগুলির উত্তর দাও ঃ 4

আসীৎ বারাণস্যাং কর্পূরপটো নাম রজকঃ। স চৈকদা নির্ভয়ং প্রসুপ্তঃ। তদনন্তরং তস্য দ্রব্যাণি হর্তুং তদ্‌গৃহং চৌরঃ প্রবিষ্টঃ। অস্য প্রাঙ্গণে গর্দভো বদ্ধস্তিষ্ঠতি, কুক্কুরঃ চ উপবিষ্টঃ। তং চৌরম্ অবলোক্য গর্দভঃ শ্বানমাহ— ভবতোঽয়ং ব্যাপারঃ, তৎ কিমিতি ত্বম্ উচ্চৈঃ শব্দং কৃত্বা স্বামিনং ন জাগরয়সি?

(a) কিমাসীৎ রজকস্য নাম? 1

(b) রজকস্য গৃহে কঃ কথং প্রবিষ্টঃ? 2

(c) চৌরং দৃষ্ট্বা গর্দভঃ কুক্কুরং কিমাহ? 1

———